

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮ ১৫

পানিসাগর, ০৮ ফেব্রুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা

পানিসাগরে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মৎস্যচাষে প্রশিক্ষণ শিবির

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় পানিসাগর মহকুমা ভিত্তিক বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মৎস্যচাষে এক প্রশিক্ষণ শিবির গতকাল সমাপ্ত হয়েছে। তিনদিনব্যাপী এই প্রশিক্ষণ শিবির পানিসাগরের মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। গত ৫ ফেব্রুয়ারি এই শিবিরের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাজল দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, মৎস্য দপ্তরের উপঅধিকর্তা বিজয় রায়, পানিসাগর মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক কামাল হোসেন প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ মৎস্যচাষিদের বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মৎস্যচাষের উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন। প্রশিক্ষণ শিবিরে মহকুমার বিভিন্ন এলাকা থেকে ৩০ জন মৎস্যচাষি অংশগ্রহণ করেন।
